

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.৭৬০০.০০০.১৪.০৬৪.১৫-৪২৬৬


তারিখঃ ১১.১১.২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্রঃ ১) পাবনা জেলা পরিষদের স্মারক নং-জেপ-পাব/কাঃ/২০১৫-৪১৮, তাং-২৮.৯.১৫খ্রিঃ।  
২) পাবনা জেলা পরিষদের স্মারক নং-জেপ-পাব/কাঃ/২০১৫-৪১৯, তাং-২৮.৯.১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৫-১৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় ১৪.০০ লক্ষ (চৌদ্দ লক্ষ) টাকায় সূত্রোক্ত স্মারকে গৃহীত ২টি প্রকল্পের নিম্নে বর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ১) জেলা পরিষদ লাইব্রেরীটি কোন সালে স্থাপন করা হয়েছে; লাইব্রেরীতে বর্তমানে কি পুস্তক রয়েছে তার তালিকা প্রেরণ;
- ২) প্রস্তাবিত অর্থে লাইব্রেরীর কি ধরণের উন্নয়ন করা হবে এবং কি কি পুস্তক ক্রয় করা হবে তার তালিকা প্রেরণ;
- ৩) বিগত ৫ (পাঁচ) বছরে উক্ত লাইব্রেরীতে কোন বরাদ্দ দেয়া হয়েছে কিনা; বরাদ্দ দেয়া হলে কোন অর্থ বছরে কত টাকা বরাদ্দ দেয়া হয়েছে; বরাদ্দকৃত অর্থে কি কি কাজ করা হয়েছে তার বিবরণী প্রেরণ;
- ৪) ক্রমিক নং-২ এ উল্লিখিত পাবনা জেলার বিভিন্ন প্রতিষ্ঠানে বিস্তৃত পানি সরবরাহের জন্য সাব মার্জিবল পাম্প স্থাপন প্রকল্পের স্থান সুস্পষ্ট উল্লেখসহ পুনরায় প্রস্তাব প্রেরণ।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, পাবনা।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে / কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, পাবনা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।